স্বদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত প্রগতিশীল

**দিনাজপুর ব্যাঙ্ক লিঃ**

সিডিউল্ড ব্যাঙ্ক — ( ক্লিয়ারিং স্থবিধাযুক্ত )

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান

জঙ্গিপুর, হেড অফিস—দিনাজপুর

সেন্ট্রাল অফিস—১১ ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ—জলপাইগুড়ি, পার্ব্বতীপুর, ভবানীপুর ( কলিকাতা ), রায়গঞ্জ রাজসাহী, আলীপুর ডুয়ার, রামপুরহাট। কর্ণওয়ালিস ষ্ট্রীট ( কলিকাতা ), গাইবান্ধা ও দুবরাজপুর শাখা শীঘ্রই খোলা হইবে।

ম্যানেজিং ডিরেক্টর—রায় সাহেব যতীন্দ্রমোহন সেন

Ex. M. L. C.

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

মণিগ্রামের প্রসিদ্ধ

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন

আবিষ্কৃত

**সোণামুখী**

কেশ তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট। মূল্য প্রতি শিশি ১৲ টাকা

প্রাপ্তিস্থান—দশভুজা ঔষধালয়

মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম ( মুর্শিদাবাদ )

৩৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৮ই কার্ত্তিক বুধবার ১৩৫৪ ইংরাজী 5th Nov. 1947 { ২৩শ সংখ্যা

আপনার

**কম খরচার খাজাঞ্চী**

**ঢাকুরিয়া ব্যাঙ্কিং**

**করপোরেশন লিমিটেড**

হেড অফিস

২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

ফোন : কলিকাতা ১৭৪৪ টেলিগ্রাম : ষ্ট্রংরুম

শাখাসমূহ

ঢাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, ( এস, পি ), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ ), সোনারপুর।

ম্যানেজিং ডিরেক্টার

ডি, এন, চ্যাটার্জি এফ, আর, ই, এস ( লণ্ডন )

**ব্যয় নহে—সঞ্চয়**

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি ; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই স্থচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৮ই কার্ত্তিক বুধবার সন ১৩৫৪ সাল

## বিজয়ার সাদর সম্ভাষণ

আমরা এক সপ্তাহ অবকাশের পর আজ কর্ম্মক্ষেত্রে অবতীর্ণ হইয়া আমাদের গ্রাহক, গ্রাহিকা, পাঠক, পাঠিকা, ও হিতাকাঙ্ক্ষিগণকে যথাযোগ্য বিজয়ার সাদর সম্ভাষণ সহ শুভেচ্ছা জ্ঞাপন করিতেছি।

---

## জঙ্গিপুর সংবাদের সৌভাগ্য

স্বাধীন ভারতের রাষ্ট্রপতি আচার্য্য কৃপালনী মহোদয়ের সহধর্ম্মিণী করুণাময়ী শ্রীমতী সুচেতা কৃপালনী মহোদয়া প্রতি সপ্তাহে তাঁহাকে আমাদের ক্ষীণকায় সংবাদপত্র পাঠাইবার অনুমতি করিয়া আমাদিগকে ধন্য করিয়াছেন।

---

## চাউলের বাজারে ভূতের উৎপাত

কিছুদিন যাবত বি, এ, কে, লাইনের সালার হইতে জঙ্গিপুর রোড পর্য্যন্ত প্রত্যেক ষ্টেশনে ধুলিয়ান অঞ্চল হইতে আগত বহু বালক, স্ত্রীলোক ও পুরুষকে ডাউন ট্রেণ হইতে খালি ন্যাকড়া ও বস্তা হাতে নামিতে এবং আপ ট্রেণে চাউলপূর্ণ বস্তা ও পুঁটলী লইয়া উঠিতে দেখা যায়। ইহাদের প্রায় সকলেই এক সম্প্রদায়ভুক্ত। তবে কি অন্য সম্প্রদায়ের সব লোকেরই চাউলের আবশ্যক হয় না! ইহারা প্রায় প্রত্যহই এই কাজ করে। সবাই বলে—খাবার জন্য চাউল লইয়া যাইতেছি। আজ যে এক বস্তা চাউল লইয়া গেল, কাল কি তার সব চাউল ফুরাইল? ইহারা এই চাউল লইয়া বিহারে বা পাকিস্থানে উচ্চ মূল্যে বিক্রয় করিবার ব্যবসা চালাইতেছে। কেহই ট্রেণে টিকিট কিনিয়া যাতায়াত করে না। ট্রেণে টিকিট পরীক্ষকগণ আছেন, ষ্টেশনে ষ্টেশন মাষ্টার গেটে দাঁড়াইয়া কড়াকড়ি করিয়া টিকিট আদায় করেন। তবুও এরা কি করিয়া যাতায়াত করে? এ সমস্যার সমাধান কে করিবে?

রঘুনাথগঞ্জ বাজার হইতে বা অন্য কোন পল্লীগ্রাম হইতে চাউল কিনিয়া জঙ্গিপুর রোড ষ্টেশনে যাহাতে ট্রেণে উঠিয়া পলাইতে না পারে, তজ্জন্য বন্দুক ঘাড়ে, লাঠি হাতে, হাফ প্যাণ্ট, হ্যাট পরিহিত অনেক রকমের অনেক লোককে এই সব অসাধু লোক ধরিবার জন্য পথে, মাঠে, ষ্টেশনে দেখা যায়। একজন মার্কামারা চোরাবাজারী—যাহার চোরা কারবার গত পৌষ মাসে মহকুমার প্রোকিউর বিভাগের বর্ত্তমান এসেসর মৃণাল বাবু, তদানীন্তন মহকুমা কন্ট্রোলার গোপেশ বাবু, অবৈতনিক ম্যাজিষ্ট্রেট জয়কৃষ্ণ বাবু ও বাজারের সমস্ত আড়তদারের সামনে প্রকাশ্য দিবালোকে ধরা পড়িয়াছিল, এবং সেই অপরাধে যাহার লাইসেন্স বাতিল হইয়াছিল, তাহাকেও এই অসাধু চাউল রপ্তানিকারকদিগকে ধরিবার কার্য্যে নিযুক্ত থাকিতে দেখা গিয়াছে। এই সব লোক নিয়োগের কর্ত্তা কে বা কাহারা? বেড়ালকে মাছ পাহারা দিবার মত যদি চোরাকারবারীকেও অসাধু চাউল রপ্তানিকারক ধরিবার জন্য নিযুক্ত করা হয়, তবে ভূতের উৎপাত বাড়িবে বই কমিবে না। সরকারের চক্ষে ধূলি দিয়া এরা বিনা লাইসেন্সে বিশ মণ চাউল আমদানীর সুযোগে কত বিশ মণ চাউল আমদানী করে? ইতিমধ্যে জনৈক রাজপুরুষ জঙ্গিপুর রোড ষ্টেশনে ভদ্রলোকের বিশ্রামাগারের বাথরুমের ভিতরে চোরা চাউল দেখিয়া বিস্মিত হইয়াছেন। আমরা এই বিষয়ে এসিষ্ট্যাণ্ট রিজিওন্যাল কন্ট্রোলার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করি।

---

( ৭ম কলমের জের )

গঞ্জের নহেন) আমাদের কার্য্যালয়ে আসিয়া বলিয়া গিয়াছেন—তিনিও তাঁহার প্রদত্ত টাকার রসিদ পান নাই। 'ঘট ঘট বিরাজে রাম'; রাষ্ট্রপতির বর্ণিত ভণ্ড নেতার এখানেও অভাব নাই। রসিদে ১০৲ টাকা মুড়িতে (Counterfoil) ১৲ টাকা লিখিয়া আদায় করিলে কেমন করিয়া কেবলমাত্র মুড়ি দেখিয়া ধরা যাইবে? কাজেই নামে নামে জমা দেখাইলে প্রত্যেকে বুঝিবেন যে তাঁর টাকা জমা হইল কি না। যদি আমাদের কাগজে প্রকাশ করিতে ইচ্ছা করেন, প্রত্যেকের নামে নামে জমা দেখাইয়া, ততখানি কাগজ ততজনের নিকট পাঠাইবার সব ব্যয় ভার আমরা বহন করিতে রাজি আছি। অন্যান্য ফণ্ড ওয়ালারাও যদি প্রকাশ্যভাবে অগ্নি-পরীক্ষা দিতে সাহস করেন, আমাদের ক্ষুদ্র সংবাদপত্র ক্রমে ক্রমে সকলেরই হিসাব প্রকাশ করিতে প্রস্তুত আছে।

আপনাদের গুণমুগ্ধ—

"জঙ্গিপুর সংবাদের" সম্পাদক।

---

## ( প্রাপ্ত )

Kaviraj Rohini Kumar Roy, Kaviratna, B. A.
"Brojasasi Ayurveda Bhavan"
P. O. Raghunathganj, (Murshidabad)

মাননীয় জঙ্গীপুর সংবাদের সম্পাদক মহাশয় সমীপেষু,

মহাশয়,

২১শে আশ্বিন তারিখের জঙ্গীপুর সংবাদে আপনার মন্তব্যসহ শ্রীসর্ব্বময় দেব সরকার মহাশয়ের পত্র যাহা ছাপান হইয়াছে তাহার উত্তরে এই পত্র পাঠাইলাম।

সর্ব্বময় বাবুর পত্রের এবং আপনার মন্তব্যের বিষয়বস্তু সম্বন্ধে সংবাদপত্রের মারফতে কিছু আলোচনা করার ইচ্ছা আমার ছিল না। কারণ ইহা হিন্দুজনস্বার্থের সহিত জড়িত বলিয়া সংবাদপত্রে এ সম্বন্ধে কোন কিছু প্রকাশ করা কখনই উচিত নয়। আর বাংলার প্রায় সকল স্থানেই হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের মধ্যেই নিজ নিজ স্বার্থ রক্ষার্থ এইরূপ কাজ হইয়াছে কিন্তু কোন স্থানেই কোন সম্প্রদায়ের মধ্যেই বোধ হয় এইরূপ হিসাব সংবাদপত্রে প্রকাশিত হয় নাই বলিয়া আমার বিশ্বাস। বিশেষ, যাঁহারা অর্থ সাহায্য করিয়াছিলেন তাঁহাদের মধ্যে অনেকেরই ইচ্ছা ছিল না যে তাঁহাদের নাম ধাম প্রকাশিত হোক। তন্মধ্যে আপনার পিতৃদেবও একজন ছিলেন। ৫৲ টাকা চাঁদা দিয়া তিনি তৎকালীন চাঁদা আদায়ের খাতায় কোন মতেই নিজ নাম স্বাক্ষর করিতেছিলেন না। কিন্তু আমার এবং ডাক্তার জে, এন্, রায় ও শ্রীযুক্ত দুলাচাঁদ আগরওয়ালা মহাশয়গণের সনির্ব্বন্ধ অনুরোধে তিনি স্বাক্ষর করিয়া দেন। যাক্ যখন আপনারা আপনাদের পত্র প্রকাশ করিয়াছেন তখন আমাকে বাধ্য হইয়া যেটুকু না বলিলে নয় তাহাই প্রকাশ করিতে হইতেছে।

আপনাদের অবগতির জন্য পূর্ব্বেই জানাইতেছি যে জঙ্গীপুর মহকুমা সীমানা নির্দ্ধারণ কমিটীর চেয়ারম্যান আমাকেই নির্ব্বাচিত করা হইয়াছিল। এবং মহকুমার নেতৃস্থানীয় কংগ্রেস কর্ম্মিগণ এবং সহর ও মফঃস্বলের কতিপয় বিশিষ্ট ব্যক্তিগণকে লইয়া একটি শক্তিশালী কমিটী গঠিত হইয়াছিল। এই কমিটী এখনো কার্য্যকরী আছে। ইহার পরিসমাপ্তি হয় নাই। চাঁদা আদায় কার্য্যে কমিটীর কতিপয় সভ্য পৃথক ও সমবেতভাবে আমাকে সাহায্য করিয়াছিলেন। খরচও যাহা হইয়াছিল তাহাও কমিটীর কতিপয় সভ্য সমবেতভাবে করিয়াছিলেন। ঐ জমাখরচ বহুদিন পূর্ব্বেই অর্থাৎ র‍্যাডক্লিফ কমিশনের বৈঠক শেষ হওয়ার পরেই যথারীতি বিভিন্ন তারিখে আমাদের কমিটীর সভায় উপস্থাপিত করা হইয়াছিল এবং কমিটীর সভ্যগণ পরীক্ষা করিয়া উহা মঞ্জুর করিয়াছেন।

আমাদের আদায়ী মোট টাকার অঙ্ক, ইহার যথারীতি হিসাব, জমা খরচ ও মজুত তহবিল বিষয়ে কমিটীর অন্যতম সদস্য ও কোষাধ্যক্ষ শ্রীযুক্ত সাকেতরঞ্জন ব্রহ্ম মহাশয়ের নিকট গিয়া সম্যক অবগত হইয়া আসিতে অনুরোধ করি।

১৮ই কার্ত্তিক বুধবার ১৩৫৪, ইং ৫ই নভেম্বর, ১৯৪৭

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৭ই নভেম্বর ১৯৪৭

১৯৪৭ সালের ডিক্রীজারী

৪০৮ থাং ডিঃ গোপিকারঞ্জন সেন দিং দেং পতিতপাবন কোনাই দিং দাবি ৪৭৷৵৬ থানা সাগরদীঘি মৌজে বল্লভবাটী ১-১৩ শতকের কাত ৭৷৵৬ আঃ ৪০৲

৪০৯ থাং ডিঃ ঐ দেং ফুলবাস বিবি দিং দাবি ৮৬৶৬ থানা ঐ মৌজে টীকরডাঙ্গা ২-৩৯ শতকের কাত ১৪৷৹ আঃ ৮০৲

৩৮২ থাং ডিঃ সেবাইত মহান্ত চেৎরাম দাস গোস্বামী দেং বহবতী সেখ দিং দাবি ৩১৷৶৹ থানা সাগরদীঘি মৌজে লালিপালি ১-৯১ শতকের কাত ৪/১ পাই আঃ ১০৲ খং ২৫৩

৩৮৩ থাং ডিঃ সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দেং গোলাম মণ্ডল দিং দাবি ৭৪/০ থানা ঐ মৌজে রতনপুর ৪·৫৫ শতকের কাত ১১৷৫ আঃ ২০৲ খং ৩৫৩

৩৯২ থাং ডিঃ ঐ দেং নবকুমার সাহানা দিং দাবি ৯৮৶৯ থানা ঐ মৌজে ৬াংরাইল ও সাগরদীঘি ৩-১৬ শতকের কাত ২১৶৹ আঃ ২০৲ খং ২০০ ও ৬৫

৩৯৮ থাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দেং মালিওত সেখ দাবি ৮৩৶৬ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৩-৮৩ শতকের কাত ১৫৷৴৹ আঃ ২৫৲ খং ৫০১

৩৯৯ থাং ডিঃ সেবাইত রাজা প্রতিভানাথ রায় দেং লাল মাঝি নাবালক পক্ষে অলি মাতা ও স্বয়ং রাঁধুনী মেঝেনী দাবি ১৬৷৶৹ থানা সাগরদীঘি মৌজে বাগানহাট ২৫ শতকের কাত ১৶৹ আঃ ৫৲ খং ৬১

৪০০ থাং ডিঃ ঐ দেং গদাধর সাহা দাবি ১৮৶৬ থানা ঐ মৌজে আরাজি যাদবপুর ১-১৩ শতকের কাত ১৮১ আঃ ৫৲ খং ৩৭

৩৯৭ থাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং লালমহম্মদ মণ্ডল দাবি ১৬৶৩ থানা সাগরদীঘি মৌজে ঈশ্বরবাটী ১-৮৩ শতকের কাত ২৸৹ আঃ ৫৲ খং ৬৯

৪০৭ থাং ডিঃ ঐ দেং পাঁচকড়ি মণ্ডল দিং দাবি ২৭৸৶৹ থানা ঐ মৌজে চামুণ্ডা ১-৫৫ শতকের কাত ৬৷৹ আঃ ১০৲ খং ১৪৯

৩৪৬ থাং ডিঃ সেবাইত মণিমোহন চৌধুরী দেং এককড়ি ভুঁইমালী দিং দাবি ১৩৴৯ থানা সাগরদীঘি মৌজে মাঠ খাগড়া ৯ শতকের কাত ৷৶৹ আঃ ৫৲ খং ৪৯৯

৩২৩ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং গয়ানাথ মণ্ডল দিং দাবি ৪০৶৬ থানা ফরক্কা মৌজে শ্রীমন্তপুর ৩-৫০ শতকের কাত ৫৷৭ আঃ ৩৫৲ খং ২৯৪ রায়ত মোকররী

২৮৬ থাং ডিঃ সেবাইত মহান্ত ভগবান দাস দেং পঙ্কজকুমার মণ্ডল দিং দাবি ৮৫৴৹ থানা সাগরদীঘি মৌজে জালবাঁধা ২-৮৫ শতকের কাত ১৩৷১০ আঃ ৫০৲ খং ৫২ রায়ত স্থিতিবান

৩৩৩ থাং ডিঃ ঐ দেং কাশেদ মোল্লা দিং দাবি ৪৪৸৶৯ থানা ঐ মৌজে বেগাইপাড়া ৬৯ শতকের কাত ৩৲ আঃ ২৫৲ খং ৬৭ ঐ স্বত্ব

৩৩৫ থাং ডিঃ ঐ দেং সেকন্দর আলি মণ্ডল দিং দাবি ১৯৩৲ মৌজাদি ঐ ৫-২৩ শতকের কাত ৩১৷৪ আঃ ২০০৲ খং ৯৭ ঐ স্বত্ব

৪০৬ থাং ডিঃ রাজা ভূপেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং সামশুল হক সরকার দিং দাবি ২৫৪৷৶৬ থানা সাগরদীঘি মৌজে রামভদ্রপুর ৯-৭৫ শতকের কাত ৬০৲ আঃ ২৪০৲ খং ২৮ রায়ত স্থিতিবান

৩৩৪ থাং ডিঃ কমলারঞ্জন ধর এষ্টেটের রাখহরি দত্ত দেং হরিপদ হালদার দাবি ৩৩৶৬ থানা সাগরদীঘি মৌজে নিজ চাঁদপাড়া ৭৪ শতকের কাত ৪/১৫ আঃ ২০৲ খং ১২১৪ রায়ত স্থিতিবান [পৃষ্ঠে দেখুন

৩৩১ খাং ডিঃ জাফর হোসেন মণ্ডল দেং রামসিংহাসন ভকত দাবি ১৫৫/৩ থানা সাগরদীঘি মৌজে শীতলপাড়া ৬৩ শতকের কাত ২/১ আঃ ৭৲ খং ৩৪৮ মোকররী স্বত্ব

১১ মনি ডিঃ দেবেন্দ্রনারায়ণ বন্দ্যোপাধ্যায় দেং তুকড়ি চন্দ্র সিংহ দাবি ৬৩৷৵৬ থানা সাগরদীঘি মৌজে পোপাড়া জেলা মুর্শিদাবাদ ডিঃ সাগরদীঘি মুর্শিদাবাদ কালেক্টরীর ৭৯৯নং তৌজির মহাল মৌজে পোপাড়া মধ্যে দেন্দারের ।৶১০ রকম জমিদারী স্বত্ব যাহা ষোল আনায় ১৪৬৷৵৭ টাকার অন্তর্গত আঃ ৪০৲ খং ১০২৫

---


## সুলভ আয়ুর্ব্বেদীয় কুটীর

এই স্থানে আয়ুর্ব্বেদমতে তরুণ ও পুরাতন এবং বহুবিধ জটিল ব্যাধির চিকিৎসা হইয়া থাকে। যাঁহারা অন্যস্থানে চিকিৎসা করাইয়া কোনও ফল পান নাই সেই সব রোগীকে আমার চিকিৎসা পরীক্ষা করিতে অনুরোধ করি।

দি মডার্ণ আয়ুর্ব্বেদিক কার্য্যালয় ও বিদ্যালয়
হইতে উপাধি প্রাপ্ত

**কবিরাজ শ্রীবৈদ্যনাথ চক্রবর্ত্তী,**
এম, আয়ুর্ব্বেদজ্ঞ
গাজিন, পোঃ নুরপুর, ( মুর্শিদাবাদ )


---

## বিজ্ঞাপন

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যায় যে থানা সমসেরগঞ্জ অধীন কাঞ্চনতলা নিবাসী শ্রীযুক্ত বাবু হেমচন্দ্র মিত্র মহাশয় আমার জ্যেষ্ঠতাত হয়েন এবং ৺সুরেশচন্দ্র মিত্র আমার পিতা ছিলেন। আমার পিতার মৃত্যু হওয়ায় আমার জ্যেষ্ঠতাত মহাশয় আমাদিগকে ফাঁকি দিবার কুমতলবে আমাদের পৈতৃক স্থাবর অস্থাবর সম্পত্তি আমাদের অসম্মতিতে দায় সংযোগ ও হস্তান্তর করিতে উদ্যত হইয়াছেন। যদি কেহ আমাদের উক্ত এজমালি পৈতৃক সম্পত্তি আমাদের অজ্ঞাতসারে উক্ত জ্যেষ্ঠতাত মহাশয়ের নিকট হইতে খরিদ করেন বা রেহেনাবদ্ধ রাখেন তাহা হইলে তাঁহারা নিজ দায়িত্বে করিবেন। আমরা উক্ত দলিলাদির দ্বারা কোনরূপে বাধ্য হইব না। ইতি—

শ্রীঅরুণচন্দ্র মিত্র
পিতা ৺সুরেশচন্দ্র মিত্র
১৩/বি রসা রোড, কলিকাতা
পক্ষে উকিল শ্রীরাধাগোবিন্দ সরকার
সাং রঘুনাথগঞ্জ ১৩।১০।৪৭

## যুক্তপ্রদেশে কংগ্রেস কর্ম্মীর চোরা কারবার

লক্ষ্ণৌ, ৪ঠা নভেম্বর :—যুক্ত-প্রদেশের খাদ্য ও বে-সামরিক সরবরাহ বিভাগের মন্ত্রী শ্রীযুক্ত সি, বি, গুপ্ত সম্প্রতি মথুরা জেলা পরিদর্শন সফরে নির্গত হইয়া জেলা সাপ্লাই অফিসের নথিপত্র পরীক্ষার কালে দুইটি কংগ্রেস কমিটির দুই প্রেসিডেণ্ট চোরা-বাজারে চিনি সরাইতেছেন বলিয়া দেখিতে পান।

শ্রীযুক্ত গুপ্ত তৎক্ষণাৎ তাহা-দের লাইসেন্স বাতিল করিয়া দিয়া প্রাদেশিক কংগ্রেসের প্রেসিডেণ্টকে তাহাদের নাম ৫ বৎসরের জন্য কংগ্রেসের রেজিষ্টার হইতে কাটিয়া দিতে সুপারিশ জ্ঞাপন করেন।

—এ, পি

---


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে
শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৭ই নভেম্বর ১৯৪৭

### ১৯৪৭ সালের ডিক্রীজারী

৪০০ থাং ডিঃ রবীন্দ্রকুমার চক্রবর্ত্তী দিং দেং ভুবনমোহন রায় পক্ষে অলি ভ্রাতা ও স্বয়ং বিনয়কুমার রায় দাবি ১০/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে পশই ২৭ শতকের কাত ৷৵০ আঃ ৫৲ খঃ ৪০২

৫৫৩ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিমিটেড দেং ইউনুস মহম্মদ সেখ দিং দাবি ১৯৸/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে ছোট কালিয়াই ৬৬ শতকের কাত ৩৲ আঃ ১০৲

৫৫৫ থাং ডিঃ ঐ দেং কালিয়া বেওয়া দাবি ১৬৸৵৩ মৌজাদি ঐ ১০ শতকের কাত ২৶০ আঃ ৮৷০

৫৫৮ থাং ডিঃ ঐ দেং হৃদয়মোহন মজুমদার দিং দাবি ১১৷৷৵০ মৌজাদি ঐ ১ শতকের কাত ৷৷৵০ আঃ ৩৷০

৫৫৯ থাং ডিঃ ঐ দেং রাধামোহন মজুমদার দাবি ২৫৸৵৬ মৌজাদি ঐ ১-৪৫ শতকের কাত ৪৲ আঃ ১৪৲

৫৬৬ থাং ডিঃ ঐ দেং সত্যচরণ সিংহ দাবি ২০৷৶৩ মৌজাদি ঐ ১-৪২ শতকের কাত ৩৸৵২ আঃ ১৪৲

৫৬৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৻৩ থানা ঐ মৌজে জঙ্গিপুর ছোট কালিয়াই ১-৭৫ শঃ এর কাত ৪৸০ আঃ ১৫৲

৫৫৪ থাং ডিঃ ঐ দেং পঙ্কজনলিনী নাথ দাবি ১১৷৬ থানা ঐ মৌজে জঙ্গিপুর ৫ শতকের কাত ১৷৵০ আঃ ৫৲

৫৫৬ থাং ডিঃ ঐ দেং গোবিন্দদাস নাথ দাবি ২০৸৶০ মৌজাদি ঐ ২০ শতকের কাত ৪৶০ আঃ ১৪৲

৫৫৭ থাং ডিঃ ঐ দেং বিনয়কুমার মৈত্র দিং দাবি ১১৷৶০ মৌজাদি ঐ ৮ শতকের কাত ১৷/০ আঃ ৫৲

৫৬০ থাং ডিঃ ঐ দেং নকড়ি সাহা দিং দাবি ১১৷৬ মৌজাদি ঐ ২৩ শতকের কাত ১৷৶০ আঃ ৫৲

৫৬১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৯৸৶৩ মৌজাদি ঐ ৩ শতকের কাত ৯৻৬ আঃ ২২৲

৫৬২ থাং ডিঃ ঐ দেং ভোলানাথ সাহা দিং দাবি ১৪৸/৩ মৌজাদি ঐ ৩২ শতকের কাত ২৲ আঃ ৬৵০

৫৬৪ থাং ডিঃ ঐ দেং উদয়চন্দ্র সাহা দিং দাবি ২৬৷/৯ মৌজাদি ঐ ১-৪১ শতকের কাত ৪৻৬ আঃ ১৫৲

৫৪৮ থাং ডিঃ ঐ দেং গৌরীশঙ্কর সিংহ দিং দাবি ১৭৻৬ মৌজাদি ঐ ৭৬ শতকের কাত ৩৶৪ আঃ ৯৲

৫৬৩ থাং ডিঃ ঐ দেং লালমহম্মদ মণ্ডল দিং দাবি ৫০৻৬ থানা ঐ মৌজে থান্দুয়া ৫-১৫ শতকের কাত ৭৷/৩ আঃ ৩২৲

৩৪৯ থাং ডিঃ পদ্মকামিনী দেবী দেং পূর্ণচন্দ্র রায় চৌধুরী দাবি ১৭৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনাটিকুরী ৬৭ শতকের কাত ১৷৷০ আঃ ১০৲ খঃ ৫৫৩

৫২৮ থাং ডিঃ মানোয়ার আলি মোল্লা দেং যামিনী ঘোষ দিং দাবি ১৫৷৷৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে উমরপুর ১-৯২ শতক জমির জমা দেওয়া নাই আঃ ৫৲ খঃ ২০৫

৯৬ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং মুন্সী জান মহম্মদ বিশ্বাস দাবি ৬৬৷৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়াডাঙ্গা ২-৩৭ শতকের কাত ৮৸৵১৫ গণ্ডা আঃ ৫০৲ খঃ ৫৫

২৭৭ থাং ডিঃ মহারাজ কুমার সিতাংশুকান্ত আচার্য্য বাহাদুর দেং জরীপোষ বেওয়া দাবি ৪২৵৩ থানা সুতী মৌজে নারায়ণপুর ৫/০ জমির কাত ৫৷৵০ আঃ ৩২৲ খঃ ১২

৫২৯ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং মণীন্দ্রমোহন মণ্ডল দাবি ২৫৸৵৬ থানা সুতী মৌজে ডাহিনা ১-৮ শতকের কাত ১০৵১৩ আঃ ১০৲ খঃ ৪৭

৫৩০ থাং ডিঃ ঐ দেং ইন্দুমতী দাসী দিং দাবি ২৫৩৸৶৬ থানা সুতী মৌজে বংশবাটী ২১-৪৫ শতকের কাত ৩৩৷৵১০ আঃ ২০০৲ খঃ ১৩৮

৩০৮ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং মহেন্দ্রনাথ সরকার দিং দাবি ৩৩৸৵৩ থানা সুতী মৌজে একাঠিয়া ৪-৩৩ শতকের কাত ৭৷৷৶৯ আঃ ৪৫৲ খঃ ৫১৫

৩০৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬৸৯ মৌজাদি ঐ ১-৩৪ শতকের কাত ৩৷৶৯ আঃ ৩০৲ খঃ ৫১৪

২৪ অন্য ডিঃ মহারাজ কুমার সিতাংশুকান্ত আচার্য্য বাহাদুর দেং রসরাজ মণ্ডল দিং দাবি ৩৩৸৵৩ থানা সুতী মৌজে নারায়ণপুর ১১/০ জমির কাত ১১৲ আঃ ২০৲ খঃ ৮৷২

৫৭৪ থাং ডিঃ অরবিন্দনাথ রায় নাবালক পক্ষে অলি পিতা শ্যামাপদ রায় দেং গোপেন্দ্রনাথ সান্যাল দিং দাবি ২৯৷০ থানা রঘুনাথগঞ্জ মৌজে দক্ষিণপাড়া ৬০ শতকের কাত ৪/৩ আঃ ১৫৲ খঃ ৭৪২

৫২২ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং পঞ্চানন রায় চৌধুরী দিং দাবি ২১৶০ থানা সুতী মৌজে এনায়েতনগর ৩২ শতকের কাত ৫৲ আঃ ১৫৲ খঃ ৭৮

৫৭৯ থাং ডিঃ ঐ দেং রঘুনাথ সিংহ মৃতাস্তে ওয়ারিশ সরলাবালা দেবী দিং দাবি ৪০১/৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে চর এনায়েতনগর ৩৯-৪৬ শতকের কাত ২৭৩৷৷৵০ আঃ ১০০৲ খঃ ২৭৯

৫৮০ থাং ডিঃ ঐ দেং রঘুনাথ সিংহ মৃতাস্তে ওয়ারিশ স্ত্রী সরলাবালা দেবী দিং দাবি ৮৮৷০ মৌজাদি ঐ ৩-৫৯ শতকের কাত ১৭৸/০ আঃ ৫০৲ খঃ ২৭৭

৫৮২ থাং ডিঃ ঐ দেং প্রিয়নাথ দাস দিং দাবি ২৭৸৯ থানা সুতী মৌজে দেউলি আলমপুর ৩৯ শতকের কাত ৩৷৷৶০ আঃ ১৫৲ খঃ ৩০৪

৫৮৩ থাং ডিঃ ব্রজনাথ রায় কমন ম্যানেজার এষ্টেট সুন্দলপুর দেং রুমেসা খাতুন দাবি ২৭৷৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে ধলো ১-৩৪ শতকের কাত ৪৻৯ আঃ ২০৲ খঃ ১২৯

৫৮৪ থাং ডিঃ ঐ দেং লীলাবতী দাসী দাবি ১৪৪৷৷৵৬ মৌজাদি ঐ ৪-১৪ শতকের কাত ২৪৷৵০ আঃ ৫০৲ খঃ ৫৯

৫৮৫ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং সাইফুদ্দিন বিশ্বাস দাবি ২১৷৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে এনায়েতনগর ৬৫ শতকের কাত ৪৷৵০ আঃ ১৪৲ খঃ ৮৫

৫৮৬ থাং ডিঃ ঐ দেং গিরিবালা দাসী দাবি ১৮৸৶৯ থানা ঐ মৌজে সেকন্দরা ৮৮ শতকের কাত ৬৷০ আঃ ১০৲ খঃ ২৪

৪২৩ থাং ডিঃ বাঁশরীমোহন সেন দিং দেং ভূষণচন্দ্র সাহা দাবি ১৩৸৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে শিমলা ১৮ শতকের কাত ৸০ আঃ ৫৲ খঃ ৭১

৩৭০ থাং ডিঃ বিভুষিনী দাসী দিং দেং বিপদভঞ্জন দাস দিং দাবি ১৭.৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে ছোটকালিয়াই ৬ শতকের কাত ২৲ আঃ ১০৲ খঃ ২২০ কোর্ফা স্বত্ব

৩৬০ থাং ডিঃ দ্বিজপদ চট্টোপাধ্যায় দেং শ্যামাপদ নাথ দাবি ৩১২৷৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ১৫ শতকের কাত ১৷/৭ আঃ ১৫৲ খঃ ৬৮৭ অধীনস্থ খঃ ৬৮৮ হইতে ৬৯১ রায়তী স্বত্ব

১৩২ থাং ডিঃ মৃত তারেশচন্দ্র দত্তের ওয়ারিশ পুত্র নৃসিংহভূষণ দত্ত দেং রাধারাণী দাসী মৃতাস্তে ওয়ারিশ পুত্র ও স্বয়ং বিশ্বনাথ মণ্ডল নাবালক পক্ষে অলি মাতা ও স্বয়ং বিভাবরী দাসী দাবি ২১৶০ থানা সুতী মৌজে ডাহিনা ১২ শতকের কাত ১৲ আঃ ৫৲ খঃ ১২৭ কোর্ফা দখলিস্বত্ব বিশিষ্ট দেশাচার অনুসারে

৩৮৫ থাং ডিঃ কুমার চন্দ্র সিংহ দুধোরিয়া দিং দেং বলাইচন্দ্র দাস দাবি ২১৷৷/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর কুঠিহাতা ৪ শতকের কাত ৩৲ আঃ ১২৲ খঃ ১২৫০ কোর্ফা দখলীস্বত্ব ৪ শতক জমি ও তদুপরিস্থিত পোক্তা বসতবাটী মায় ইট, কাঠ, তীর, বরগা, দরজা, জানালা সহ

৫৭৬ খাং ডিঃ সুরেন্দ্রনাথ আলিপাত্র দিং দেং মকবুল সেখ দাবি ২৪৸৶/৩ থানা সুতী মৌজে হিলোড়া ও চরকপাড়া ৬৪ শতকের কাত ১৲ আঃ ২০৲ খং ২৩৪৭

৩৯৯ খাং ডিঃ নীলাজবরণী দাসী দিং দেং ইমান সেখ দাবি ৪৩৶/৯ থানা সুতী মৌজে হিলোড়া ২-২৩ শতকের কাত ৭৷৬ আঃ ৩৫৲ খং ২৩০২

৩৪৪ খাং ডিঃ সেবাইত ও স্বয়ং মণিমোহন চৌধুরী দেং অশ্বিনী মণ্ডল দিং দাবি ২৯৷৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে নিস্তা ১-৮৬ শতকের কাত ৩৸/২ আঃ ১৫৲ খং ২৪৯, ৪৭১ রায়ত স্থিতিবান

৩৪৫ খাং ডিঃ ঐ দেং অশ্বিনী মণ্ডল দাবি ১৪৷০ মৌজাদি ঐ ১৫ শতকের কাত ১৷১৫ আঃ ৫৲ খং ৪৮১ ঐ স্বত্ব

৩২৩ খাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েণ্ট মাতোয়ালী মৌলবী মরতুজা রেজা চৌধুরী দিং দেং আশুতোষ সরকার দিং দাবি ১৪৬৸/৯ থানা সুতী মৌজে প্রড়াপাড়া ১১।১৫ জমির কাত ১০৷/১১ আঃ ১০০৲ খং ৩

৩২৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৯৭৸০ মৌজাদি ঐ ৫০৸২৫ জমির কাত ৩৯।/৬ আঃ ২০০৲ খং ৩৩৩

৫৩৩ খাং ডিঃ ঐ দেং ধরণীকান্ত দাস দাবি ১০৷৵৬ থানা ঐ মৌজে বাজে গাজিপুর ৸০২ জমির কাত ১৷৶০ আঃ ৩৲

৫৩৪ খাং ডিঃ ঐ দেং ধরণীধর দাস দাবি ৮।/৯ মৌজাদি ঐ ।৪১৪ জমির কাত ৷৶৯ আঃ ২৲ খং ১৭২

৫৩৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৯ মৌজাদি ঐ /২১৪ জমির কাত ৶৪ আঃ ১৲

৫৩৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৷/৯ মৌজাদি ঐ ৷১১০ জমির কাত ৸৵০ আঃ ২৲

৫৩৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৶/৬ মৌজাদি ঐ ।৪২ জমির কাত ৷৶০ আঃ ২৲

৫৩৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৷৶০ মৌজাদি ঐ ৷২৯ জমির কাত ৸৶০ আঃ ২৲

৫৩৯ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৬ মৌজাদি ঐ ।২১৭ জমির কাত ৷/৯ আঃ ২৲

৫৩২ খাং ডিঃ মহম্মদ সেকান্দার দেং সুরেন্দ্রনারায়ণ সরকার দিং দাবি ৪৯৷৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেকন্দরা ৬.৬৯ শতকের কাত ২৯৲ আঃ ৫০৲

৫৪০ খাং ডিঃ ঐ দেং জামসেদালী সেখ দিং দাবি ২৫৸৶/৬ থানা ঐ মৌজে খিদিরপুর ১-১৩ শতকের কাত ২৸১১ আঃ ১৫৲

৫৪১ খাং ডিঃ ঐ দেং বিবি হাকিমন নেসা দিং দাবি ৩১/০ থানা ঐ মৌজে রামদেবপুর ৯৩ শতকের কাত ৩৸৶০ আঃ ২০৲ খং ১০

৫৪২ খাং ডিঃ ঐ দেং রাখালচন্দ্র সাহা দাবি ২৫৷৶/৩ থানা ঐ মৌজে সেকন্দরা ১-৫৫ শতকের কাত ৪।৫ আঃ ১৫৲

৫৪৩ খাং ডিঃ ঐ দেং জামসেদালী সেখ দিং দাবি ৫৩৷৶/৩ থানা ঐ মৌজে খিদিরপুর ১৭৮৷০ শতকের কাত ৯৷৵১ আঃ ৪০৲

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৭ই নভেম্বর ১৯৪৭

### ১৯৪৫ সালের ডিক্রীজারী

৭৭২ খাং ডিঃ নবকুমার সিংহ দুধোরিয়া দিং দেং এমরান সেখ দিং দাবি ৯০৷/৯ থানা সাগরদীঘি মৌজে গাঙ্গাড্ডা ৩-২০ শতকের কাত ১০৲ আঃ ২০৲ খং ৩৯৬

### ১৯৪৭ সালের ডিক্রীজারী

৩৮৪ খাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েণ্ট মাতোয়ালী মৌলবী মরতুজা রেজা চৌধুরী দিং দেং গুলাব বেওয়া দাবি ১৫৸৩ থানা সমসেরগঞ্জ মৌজে দাঁতিয়া অনন্তপুর ১৷৪ জমির কাত ১।/৩ আঃ ৫৲

৩৮৬ খাং ডিঃ ঐ দেং আনসার আলি বিশ্বাস দিং দাবি ১৫৯ থানা সমসেরগঞ্জ মৌজে দাঁতিয়া অনন্তপুর ।২৫ জমির কাত ৷৯ আঃ ৩৲ খং ৯৮৪

৩৮৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪।৵৬ মৌজাদি ঐ ১/১১৫ জমির কাত ১৷৵৩ আঃ ২৲

৩৮৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৷৵৩ মৌজাদি ঐ ৸০১৫ জমির কাত ১৷৩ আঃ ২৲

৩৮৫ খাং ডিঃ ঐ দেং আলতু সেখ দিং দাবি ১২৸৯ থানা ঐ মৌজে লোহরপুর ।৪১ জমির কাত ৷৶/৩ আঃ ২৲ খং ৭০

৩৮৯ খাং ডিঃ ঐ দেং রুস্তম সেখ দিং দাবি ২৮৷৶/৩ মৌজাদি ঐ ১/৩১১ জমির কাত ৩৷৬ আঃ ১৫৲ খং ৯৯

৩৯০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭৸/৩ মৌজাদি ঐ ৷৩৬ জমির কাত ১৷৵৩ আঃ ১০৲ খং ৭৯

৩৯১ খাং ডিঃ ঐ দেং মির আনুয়ার দিং দাবি ১৬৷৩ মৌজাদি ।১১ জমির কাত ১।/৩ আঃ ৫৲ খং ২১৬

# শোক সংবাদ

## ডাক্তারের পরলোক

আমরা অতীব দুঃখের সহিত প্রকাশ করিতেছি যে ধুলিয়ান কাঞ্চনতলা দাতব্য চিকিৎসালয়ের জনপ্রিয় ডাক্তার যশোদানন্দন রায় এম·বি মহোদয় গত ১০ই কার্ত্তিক পরলোক গমন করিয়াছেন। বৎসরেক কাল পূর্ব্বে তাঁহার নিজের পোষা কুকুর তাঁহাকে দংশন করে, এত দিন পরে তারই বিষক্রিয়ার ফলে জলাতঙ্ক রোগে তাঁহার জীবনের অবসান হইল। তাঁহার সহধর্ম্মিনী অনেকগুলি কচি কাঁচা লইয়া খুব বিপন্না হইলেন তাহাতে সন্দেহ নাই। আমরা তাঁহার ও ছেলেমেয়েগুলির শোকে সমবেদনা জানাইয়া পরলোকগত আত্মার শান্তি কামনা করি। ধুলিয়ানের জনগণ তাঁহাদের ডাক্তার বাবুর অপ্রত্যাশিত মৃত্যুতে স্বজন বিয়োগ তুল্য কষ্ট অনুভব করিতেছেন।

---

## পতিব্রতা সধবা লক্ষ্মীর পরলোক

শ্রীযুত আশুতোষ ভট্টাচার্য্য মহাশয় জঙ্গিপুর দেওয়ানী আদালতে সামান্য মাহিনায় চাকরী করেন। তাঁহার সহধর্ম্মিনী নিজের কনিষ্ঠ সহোদরের সাহায্যে বাড়ীতে একটী ছোট মুদিখানা খুলিয়া স্বামীর উপার্জ্জনের উপরও ছেলেমেয়েদের খাদ্য পরিধেয়ের সহায়তা করিতেন। ইনি স্বামীর দুখের সংসারে সুখে কালাতিপাত করিতেন। গত রবিবার রাত্রিকালে স্বামী ও সন্তানগণের মমতাপাশ ছিন্ন করিয়া শাঁখা-সিন্দুর-শোভিতা হইয়া স্বর্গারোহণ করিয়াছেন। ৩টী কচি শিশু লইয়া ভট্টাচার্য্য মহাশয় আজ খুব বিপন্ন। আমরা তাঁহার দুঃখে সমবেদনা প্রকাশ করিতেছি।

---

## দীর্ঘায়ু ব্রাহ্মণের দেহত্যাগ

জঙ্গিপুর মিউনিসিপালিটীর হেড-ক্লার্ক শ্রীযুক্ত বনবিহারী মুখোপাধ্যায় মহাশয়ের পিতৃদেব জ্ঞানেন্দ্রনাথ মুখোপাধ্যায় মহাশয় প্রায় নব্বই বৎসরে বার্দ্ধক্যজনিত রোগ ও দুর্ব্বলতায় শয্যাশায়ী ছিলেন। গত ১৪ই কার্ত্তিক বেলা ১০ টার সময় পুত্র, পৌত্র, প্রপৌত্র ও বহু স্বজন পরিবেষ্টিত অবস্থায় নশ্বর মানব দেহ পরিত্যাগ করিয়া সাধনোচিত ধামে গমন করিয়াছেন। যত বেশী বয়সেই পিতৃবিয়োগ হউক না কেন পুত্রের ভাগ্যহীনতাই সূচনা করে। আমরা মুখোপাধ্যায় মহাশয়ের স্বজনগণের সহিত সমবেদনা প্রকাশ করিয়া বলিতেছি—"এ মরণ স্বরগ সমান।"

অবশ্য হিন্দু স্বার্থের খাতিরে দেব সরকার মহাশয়ের হিসাব দেখিবার কোন অধিকার নাই। কারণ তিনি কোন চাঁদা দেন নাই। বা জঙ্গীপুর হিন্দু জনসাধারণের প্রতিনিধি নহেন। এক্ষণে আপনার মন্তব্যগুলি সম্বন্ধে কিছু জানাইতেছি। আপনার মন্তব্যগুলি যেরূপ ভাব, ভাষা ও ভঙ্গীতে লিখিত হইয়াছে তাহাতে আপনারা সদিচ্ছা প্রণোদিত হইয়া জনসাধারণের উপকারার্থে যে এরূপ বিবৃতি দেন নাই তাহা একটি বালকেও বুঝিতে পারিবে। ইহা অতি অল্প দিন সম্ভূত নিছক ব্যক্তিগত আক্রোশ ও বিদ্বেষবশতঃ আমার বা আমাদের বিরুদ্ধে অপপ্রচারের চেষ্টা। যাহোক আপনার মন্তব্যগুলির উত্তর দিতেছি।

কমিটী কর্ত্তৃক গৃহীত প্রস্তাবানুসারে ৫০০ শত রসিদ ছাপা হইবার পূর্ব্বে বিশেষ জরুরী কাজকর্ম্মের জন্য যে কিছু টাকা যাহা আপনার ও পার্শ্ববর্ত্তী দোকানদারগণের নিকট হইতে আমি ও পূর্ব্বোক্ত সভ্য দুই জন আদায় করিয়াছিলাম তাহা একখানি খাতায় অর্থ সাহায্যকারিগণের সম্মুখে জমা করা হইয়াছিল এবং সাহায্যকারিগণের নাম ও প্রদত্ত টাকার অঙ্কের পার্শ্বে তাঁহাদের (অর্থাৎ চাঁদা প্রদত্তকারিগণের) [?] স্বাক্ষর যথারীতি লওয়া হইয়াছিল। ইহাও আপনি জানেন। ঐ খাতাখানি জমাখরচের অন্যতম বহি হিসাবে রক্ষিত আছে। পরে রসিদ বহি ছাপান হইলেও আপনার পিতৃদেব যে ৫৲ টাকা দিয়াছিলেন তাহার রসিদ পান নাই বলিয়া আপনি যে অভিযোগ করিয়াছেন তদুত্তরে জানাইতেছি Back Date এর রসিদ দিয়া ঐভাবে প্রাপ্ত ও জমা টাকার প্রাপ্তি স্বীকার করা হইবে কি না তদ্বিষয়ে কমিটীর সভায় আলোচনা হইয়াছিল এবং সভ্যগণ এই মত প্রকাশ করিয়াছিলেন যে ঐভাবে Back Date এর রসিদ দিলে তাহা অবৈধ হইতে পারে বিধায় অত্র কমিটীর কার্য্যসমাপ্তি হইবার পূর্ব্বে যথাসময়ে অর্থ সাহায্যকারিগণকে তাঁহাদের সাহায্যের জন্য সকৃতজ্ঞ ধন্যবাদ জ্ঞাপক পত্র দিয়া তৎসহ প্রাপ্ত টাকার স্বীকার ও প্রয়োজন বিবেচিত হইলে জমাখরচের মোটামুটি বিবরণ দিতে হইবে। কাজের প্রথম অবস্থায় রসিদ বহি ছাপান না হওয়ায় মাত্র কয়েক কলম চাঁদা আপনার ও আপনার পাড়ায় আদায় করা হইয়াছিল। এবং ইহাও আপনাদের স্বাক্ষর লইয়া যথারীতি আপনাদের সম্মুখে খাতায় জমা করা হইয়াছিল। বাকী সমস্ত চাঁদা রসিদ মূলে আদায় হইয়াছে ইহাও আপনি অবগত আছেন।

আমাদের কমিটী এখনও চালু আছে। যদি আপনার ধৈর্য্যচ্যুতি ঘটিয়া থাকে তবে দয়া করিয়া কমিটীর কোষাধ্যক্ষ মহাশয়ের নিকট গিয়া সব কিছুই প্রত্যক্ষ করিয়া আসিতে পারেন। সীমানা নির্দ্ধারণ কমিটীর রায় আজ দেড় মাস হইল প্রকাশিত হইয়াছে এবং আপনি হিসাবের জন্য অধীর হইয়া পড়িয়াছেন দেখিতেছি। হইবারই কথা। কারণ যাঁহারা ১৫ই আগষ্টের পূর্ব্বে আত্মীয় স্বজন, প্রতিবেশী ও জনসাধারণকে নিদারুণ বিপদের মুখে ফেলিয়া দিয়া পরম নিশ্চিন্ত মনে নিরাপদ স্থানে গিয়া কালাতিপাত করিতেছিলেন তাঁহারা দিনের হিসাব রাখিতে পারিয়াছিলেন বটে; কিন্তু যাঁহারা সকলের সুখ দুঃখকে একই সূত্রে গ্রথিত করিয়া নিজ ভূমিতেই আতঙ্ক ও উদ্বিগ্নতার মধ্যে দিন রাত্রি সমানভাবে কাটাইয়াছেন এবং এযাবৎকাল জনসাধারণের শান্তি, সুখ ও সুবিধা পুনঃ প্রতিষ্ঠার নিমিত্ত অবসর পাইতেছেন না তাঁহারা দিনের হিসাব রাখিতে পারেন না। এবং এখনও কিছুদিন রাখিতে পারিবেন না। এ কারণ আপনার পক্ষে ধৈর্য্য ধারণ করা ছাড়া আর কোন গত্যন্তর নাই। আর তাহা যদি না পারেন তবে কোষাধ্যক্ষ মহাশয়ের নিকট গমন করিয়া চক্ষুকর্ণের বিবাদ ভঞ্জন করিয়া আসুন।

পরিশেষে আমার বক্তব্য এই যে সর্ব্বময় বাবু কখন্ কি রূপ ধারণ করেন তাহা সহরবাসী সকলেই জানেন। কখনো হিন্দু মহাসভা, কখনো কংগ্রেস, কখনো ডেমোক্র্যাটিক্ পার্টি, কখনো কমিউনিষ্ট, কখনো কৃষক প্রজা, কখনো র‍্যাডিক্যাল পার্টি, কখনো লীগ—এ হেন ব্যক্তি যিনি সহরে সামান্য একটু সাম্প্রদায়িক উত্তেজনার ভাব দেখিলেই গা ঢাকা দিয়া সড়িয়া পড়েন তাঁহার নিকট হইতে আমরা বা জনসাধারণ অন্য কিছু প্রত্যাশা করিতে পারি না। কিংবা ইহাও হইতে পারে যে কয়েক বৎসর পূর্ব্বে সর্ব্বময় বাবু যে বায়ুরোগে আক্রান্ত হইয়া সহরে উত্তেজনার ভাব সৃষ্টি করিয়াছিলেন পুনরায় ইহা সেই রোগেরই পুনরাক্রমণের পূর্ব্বাভাষ। কিন্তু আপনার সম্বন্ধে আমরা আশা করিয়াছিলাম যে অতীতের অনেক কিছুর পুনরাবৃত্তি না করিয়া স্বাধীন ভারতে উদার মনোভাবের সহিত আপনি জাগ্রত জনমতের সাথে সমান তালে চলিয়া সকলের শ্রদ্ধার্জ্জন করিতে প্রয়াসী হইবেন। কিন্তু এখন দেখিতেছি যাহা অসম্ভব তাহার আশা করা বৃথা।

পক্ষান্তরে ইহাও আজ আমাদিগকে লিখিতে হইতেছে যে, যে সব কর্ম্মী নিজের সুখ, সুবিধা ও অর্থোপার্জ্জনে জলাঞ্জলি দিয়া কলিকাতার ভয়াবহ পরিস্থিতির মধ্যে নিজের জীবন বিপন্ন করতঃ সমাজের মঙ্গলের জন্য মাসাধিককাল অক্লান্ত পরিশ্রম করিয়াছিলেন এবং যাঁহারা এখানেও দিনের পর দিন শরীরপাত করিয়া কঠোর পরিশ্রম করিয়াছিলেন তাহারই বিনিময়ে আপনারা গত ২রা অক্টোবর স্থানীয় সরাইখানায় গান্ধী জয়ন্তী দিবসের অনুষ্ঠানে আপনার পিতৃদেবের সভাপতিত্বের প্রতিবাদে সহরবাসীর মনে যে বিরুদ্ধ (অথচ নিষ্ক্রিয়) মনোভাবের সৃষ্টি হইয়াছিল আমাকে তাহার অন্যতম নায়ক মনে করিয়া সাময়িক উত্তেজনা ও ক্রোধের বশবর্ত্তী হইয়া আজ যে মনোবৃত্তির পরিচয় দিলেন তাহাতে আপনি আমার নহে—হিন্দুস্বার্থ ও সমাজের যথেষ্ট ক্ষতি করিয়াছেন। জঙ্গীপুর মহকুমাবাসী আপনাদের এহেন আচরণ কোন দিন বিস্মৃত হইবেন না। ২রা অক্টোবরের পূর্ব্বে আপনাদের এই সব বিবৃতি প্রকাশ করিলেই বিশেষ সুখী হইতাম। নিবেদন ইতি

শ্রীরোহিণীকুমার রায়, সভাপতি
জঙ্গীপুর মহকুমা সীমানা নির্দ্ধারণ কমিটী।
১০।১০।৪৭

---

☞ কবিরত্ন মহাশয়, আমাদের ৺বিজয়ার সালিঙ্গন সম্ভাষণ গ্রহণ করুন। শ্রীযুক্ত সর্ব্বময় দেব সরকার মহাশয় কি কুক্ষণেই আমাদের কাগজে মহকুমার সীমানা নির্দ্ধারণ কমিটীর হিসাব চাহিয়া পত্র লিখিয়াছিলেন আর আমরাও কি অশুভ ক্ষণেই "চাঁদাদাতাগণের নামে নামে জমা দেখাইয়া প্রত্যেকের নিকট হিসাব পাঠান উচিত" এই মন্তব্য করিয়াছিলাম। সেই অপরাধে এই কাগজের মহার্ঘ্যতার দিনে আপনার চিঠির কাগজের কিঞ্চিদধিক ১১ পৃষ্ঠা লিখিত আমাদের সুখ্যাতিপূর্ণ সুমধুর পত্রখানি স্বহস্তে কম্পোজ করিয়া সাধারণের উপভোগের জন্য পত্রস্থ করিলাম। ৮ই অক্টোবর তারিখের কাগজে সর্ব্বময় বাবুর পত্র বাহির হওয়ার পর আপনি পত্রখানি ১০ই অক্টোবর লিখিয়াছেন, এরই মধ্যে জঙ্গিপুর মহকুমার সব হিন্দু-প্রাণগুলির খবর পাইয়াছেন—সব হিন্দু-প্রাণগুলিই আমাদের দ্বারা আহত!

আপনি খুব দুঃখের সহিত লিখিয়াছেন—আমরা স্বাধীন ভারতে জাগ্রত জনমতের সহিত সমান তালে তাল রাখিয়া চলিতে না পারিয়া আপনাদের হতাশ করিয়াছি। কবিরত্ন মহাশয়, জানেন তো—"স্বভাব যায় না ম'লে ইল্লোত যায় না ধু'লে।" সমান তালে পরাধীন ভারতেও চলিতে পারি নাই—স্বাধীন ভারতে আপনাদের কমিটীর অনেক উদারচেতা সভ্যের তালে চলিবার পূর্ব্বে যেন আমাদের মৃত্যু হয়।

[পর পৃষ্ঠা দেখুন।]

কি করিব কবিরত্ন মহাশয়, বাপ-মা তালের সহিত তাল রাখিয়া চলিতে শেখান নাই। "তালে তাল" শীর্ষক স্তম্ভে অতীত ও বর্ত্তমানের অনেক কীর্ত্তি দুই এক সপ্তাহের মধ্যে পত্রস্থ করিবার বাসনা রহিল। তাহাতে অনেকেরই নিজের ও উদার মনোভাবের স্বরূপ দেখা যাইবে। অপাপবিদ্ধ বালক ও শিশুগণও এখন চাঁদা তুলিতে শিখিয়াছে। মাস নয়েক হইল আমাদের কাছে চাঁদা লইয়া গিয়াছে। রসিদে একজন অদ্বিতীয় বিশিষ্ট ব্যক্তির স্বাক্ষর অঙ্কিত আছে। রসিদের নীচে "(উপযুক্ত সময়ে কেন্দ্রিয় অফিস হইতে পাকা রসিদ পাঠান হইবে)" এই আশ্বাস-বাক্য দেওয়া আছে। রসিদে নম্বর দেওয়া যন্ত্রের মুদ্রিত ক্রমিক নং নাই। হাতে নম্বর দেওয়া হয়। এই দীর্ঘ সময়ের মধ্যেও রসিদ পাকিল না। কাজেই পাকা রসিদ পাই নাই। কত ফাণ্ড যে এই হতভাগ্য সহরে সৃষ্টি হইয়াছে তাহার ইয়ত্তা নাই। অনেক ফাণ্ডের ভাণ্ড শূন্য হইয়া পড়িয়া আছে। সব উবিয়া গিয়াছে।

কবিরত্ন মহাশয়, আমরা নামে নামে জমা দেখাইয়া প্রত্যেক চাঁদা দাতার নিকট পাঠাইবার কথা বলিয়াছি— কিন্তু দফায় দফায় খরচ দেখাইতে বলি নাই, বলিবও না। কারণ বাজে খরচের ভাউচারও পাওয়া যায় না, খরচের প্রমাণও দেওয়া যায় না। তবে "শ্রীশ্রী৺ঝটিকা নিবন্ধন উড়তি খাতে খরচ মারফতে পবন দেব ১০০৲" এই রকম খরচ কেহই বিশ্বাস করিতে পারে না। আপনাদের সভ্যগণ দেশের "জনসাধারণের শান্তি, সুখ ও সুবিধা পুনঃ প্রতিষ্ঠার নিমিত্ত অবসর পাইতেছেন না।" প্রত্যহ ১৭ জনের নাম ও প্রদত্ত চাঁদা লিখিলে এক মাসের মধ্যেই ৫০০ নামের জমা লেখা হইবে। আপনারা প্রত্যেকের কাছে ধন্যবাদ পত্র পাঠাইবার কল্পনা করিয়াছেন—তাহাও করিতে হইবে না। খবরের কাগজে যাঁহারা নাম প্রকাশে অনিচ্ছুক, তাঁহাদের নাম প্রকাশ না করিয়া রসিদ নং……………১০৲ টাকা এইভাবে দিবেন। এক ভদ্র মহোদয় (রঘুনাথ-

[অবশিষ্টাংশ ২য় পৃষ্ঠার ২য় কলমে দেখুন।]




দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত